# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.৪৬.১৮৮.১৭. ১৬২ তারিখ- ১৫/02/2018 খ্রিঃ

## অফিস আদেশ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যান্ত্রিক বহরে আধুনিক যান-যন্ত্রপাতি রিসাইক্লিং এন্ড ভার্জিন কমিনেশন এ্যাসফল্ট প্ল্যান্ট, রেডিমিক্স কংক্রিট প্ল্যান্ট, কোল্ড মিলিং মেশিন ও অন্যান্য আধুনিক যন্ত্রপাতি সংযোজিত হওয়ায় গত ২৯/০১/২০১৮ তারিখ ৪৬.১০.০০০০.০৩৯.০৬.২২২.১৮. সংখ্যক স্মারকে জারিকৃত কার্যবিবরণীর সুপারিশ মতে যান-যন্ত্রপাতি ও বিদ্যমান অন্যান্য সুবিধাদি ব্যবহারের ক্ষেত্রে দৈনিক কর্মঘন্টা (০৮ ঘন্টা) নির্ধারণপূর্বক হায়ার চার্জ নীতিমালা সংশোধন করতঃ নিম্নরূপভাবে পুনঃ নির্ধারণ করা হলোঃ

| ক্র.নং. | এ্যাসফল্ট প্ল্যান্ট ও তদৎসংশ্লিষ্ট যান-যন্ত্রপাতি ব্যবহারে বিটুমিনাস কার্পেটিং কাজের মেশিনিং চার্জ | একক ইউনিট | দৈনিক ভাড়া (টাকা) |
|---|---|---|---|
| ১. | (ক) এ্যাসফল্ট মিক্সিং প্ল্যান্ট (শুধুমাত্র প্ল্যান্ট ভাড়া) | ০১ টি | ৫৫,০০০/- |
| | (খ) ৫০ মি.মি. প্রি-মিক্সড বিটুমিনাস কংক্রিট (ওয়্যার কোর্স) এ্যাসফল্ট হায়ার চার্জ (যান-যন্ত্রপাতিসহ, জনবল ব্যতীত) | বর্গমিটার | ১২০/- |
| | (গ) ৪০ মি.মি. প্রি-মিক্সড বিটুমিনাস কংক্রিট (ওয়্যার কোর্স) এ্যাসফল্ট হায়ার চার্জ (যান-যন্ত্রপাতিসহ, জনবল ব্যতীত) | বর্গমিটার | ১০০/- |
| | (ঘ) সিলকোট (সর্বনিম্ন ২০ মি.মি.) হায়ার চার্জ (যান-যন্ত্রপাতিসহ, জনবল ব্যতীত) | বর্গমিটার | ৫০/- |
| | (ঙ) ৫০ মি.মি. লেভেলিং এ্যাসফল্ট হায়ার চার্জ (যান-যন্ত্রপাতিসহ জনবল ব্যতীত) | বর্গমিটার | ১২০/- |
| | (চ) ৪০ মি.মি. লেভেলিং কোর্স এ্যাসফল্ট হায়ার চার্জ (যান-যন্ত্রপাতিসহ, জনবল ব্যতীত) | বর্গমিটার | ১০০/- |
| ২. | হুইল-লোডার (বড়) | ০১ টি | ৫,৫০০/- |
| ৩. | বুলডোজার (চেইন) | ০১ টি | ৬,০০০/- |
| ৪. | এক্সেভেটর (চেইন) | ০১ টি | ১২,০০০/- |
| ৫. | মিনি কমপ্যাক্ট এক্সেভেটর (চেইন) | ০১ টি | ২,০০০/- |
| ৬. | হুইল ডোজার | ০১ টি | ৯,০০০/- |
| ৭. | ব্যাক হো লোডার | ০১ টি | ৬,৫০০/- |
| ৮. | স্কীড লোডার | ০১ টি | ৩,০০০/- |
| ৯. | পেভার ফিনিশার | ০১ টি | ৭,০০০/- |
| ১০. | ওয়াটার ট্যাংকার | ০১ টি | ৪,০০০/- |
| ১১. | টায়ার ফিনিসার | ০১ টি | ৬,৫০০/- |
| ১২. | রোড রোলার | ০১ টি | ৩,০০০/- |
| ১৩. | মিনি ভাইব্রেটরী রোড রোলার | ০১ টি | ২,০০০/- |
| ১৪. | ডাম্প ট্রাক (৫ টন) | ০১ টি | ৬,০০০/- |
| ১৫. | গার্বেজ কম্প্যাক্টর | ০১ টি | ৭,৫০০/- |
| ১৬. | রেকার | ০১ টি | ৭,৫০০/- |
| ১৭. | রোড সুইপিং ট্রাক | ০১ টি | ১০,০০০/- |
| ১৮. | টাওয়ার লাইট (ট্রাক্টর সহ) | ০১ টি | ৭,০০০/- |
| ১৯. | ট্রাক্টর | ০১ টি | ২,০০০/- |
| ২০. | মোবাইল জেনারেটর | ০১ টি | ৩,৫০০/- |
| ২১. | (ক) খোলা ট্রাক - ৫ টন | ০১ টি | ৫,০০০/- |
| | (খ) খোলা ট্রাক - ৩ টন | ০১ টি | ৩,০০০/- |
| ২২. | প্রাইম মুভার উইথ ট্রেইলর | ০১ টি | ১৫,০০০/- |
| ২৩. | (ক) কন্টেইনার ক্যারিয়ার (৩ টন) | ০১ টি | ৫,০০০/- |
| | (খ) কন্টেইনার ক্যারিয়ার (৫ টন) | ০১ টি | ৬,০০০/- |
| | (গ) কন্টেইনার ক্যারিয়ার (৭ টন) | ০১ টি | ৮,০০০/- |
| ২৪. | হাইড্রলিক ল্যাডার | ০১ টি | ৮,০০০/- |
| ২৫. | ড্রেনগালী সুইপার | ০১ টি | ৬,০০০/- |

D:\Asad\Office Order Nikosh.doc

| ক্র.নং. | এ্যাসফল্ট প্ল্যান্ট ও তদৎসংশ্লিষ্ট যান-যন্ত্রপাতি ব্যবহারে বিটুমিনাস কার্পেটিং কাজের মেশিনিং চার্জ | একক ইউনিট | দৈনিক ভাড়া (টাকা) |
|---|---|---|---|
| ২৬. | ডিস্লাজিং ট্রাক | ০১ টি | ৬,০০০/- |
| ২৭. | জেট এন্ড সাকার মেশিন | ০১ টি | ২০,০০০/- |
| ২৮. | ফর্ক লিফট | ০১ টি | ৫,০০০/- |

০২.০ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যান-যন্ত্রপাতি ও এ্যাসফল্ট প্ল্যান্ট ভাড়ায় ব্যবহারের শর্তাবলী/নিয়মাবলীঃ

(১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যান-যন্ত্রপাতি ও এ্যাসফল্ট প্ল্যান্ট ভাড়া দেয়ার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের পর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী স্ব-স্ব যান-যন্ত্রপাতির নির্ধারিত ভাড়ার বিপরীতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চালান মারফত নির্ধারিত ভাড়া ও ভাড়ার উপর সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট এবং উৎস কর গ্রহণ পূর্বক ব্যক্তি/প্রতিষ্ঠানকে যান-যন্ত্রপাতি ও এ্যাসফল্ট প্ল্যান্ট ভাড়ায় প্রদান করতে পারবেন।

(২) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী নির্ধারিত হারে ভাড়া এবং ভাড়ার উপর সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট, উৎস কর গ্রহণ পূর্বক DSCC এবং DNCC অধিক্ষেত্র এলাকায় অনূর্ধ্ব ৭ (সাত) দিন পর্যন্ত বর্ণিত যান-যন্ত্রপাতি ও এ্যাসফল্ট প্ল্যান্ট ভাড়ায় প্রদান করতে পারবেন। ৭ (সাত) দিনের বেশি হলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)-এর অনুমোদন প্রয়োজন হবে।

(৩) DSCC এবং DNCC অধিক্ষেত্রের বাইরে অর্থাৎ ঢাকা জেলা ও পার্শ্ববর্তী জেলা সমূহ এলাকায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)-এর অনুমোদনক্রমে ভাড়ায় প্রদান করা যাবে। তবে উল্লেখিত অধিক্ষেত্রের বাইরে বর্ণিত যানবাহন/ ভারি যান-যন্ত্রপাতি ভাড়ায় প্রদান করতে হলে মাননীয় মেয়র মহোদয়ের অনুমোদন প্রয়োজন হবে।

(৪) কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান কর্তৃক বর্ণিত যানবাহন/ ভারি যান-যন্ত্রপাতি ভাড়া গ্রহণের পূর্বেই আবেদিত দিনের/দিনগুলির ভাড়া এবং মোট ভাড়ার উপর সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট, উৎস কর ব্যাংক-ড্রাফট/পে-অর্ডার/চালান আকারে অগ্রিম প্রদান করতে হবে।

(৫) কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান কর্তৃক বর্ণিত যানবাহন/ ভারি যান-যন্ত্রপাতি ভাড়া গ্রহণের পূর্বেই আবেদিত দিনের/দিনগুলির মোট ভাড়ার সমপরিমাণ অর্থ জামানত হিসেবে ব্যাংক-ড্রাফট/ পে-অর্ডার/ চালান আকারে অগ্রিম প্রদান করতে হবে।

(৬) জামানতের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/ চালান সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে একটি রেজিস্টার মেইনটেইন করতঃ জমা থাকবে এবং গাড়ি/ ভারি যান-যন্ত্রপাতি ব্যবহার শেষে ফেরত প্রদান করার পর ব্যবহারকারীকে জমাকৃত জামানত ফেরত প্রদান করতে হবে।

(৭) ভাড়ায় সরবরাহকৃত বর্ণিত যানবাহন/ ভারি যান-যন্ত্রপাতির জ্বালানী ও প্রয়োজনীয় লুব্রিকেন্টস ভাড়া গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করতে হবে এবং প্রতিদিন ০৮(আট) ঘন্টার অতিরিক্ত সময় গাড়ি/ ভারি যান-যন্ত্রপাতি ব্যবহার করতে পারবে না। ০৮(আট) ঘন্টার অতিরিক্ত সময় গাড়ি/ ভারি যান-যন্ত্রপাতি ব্যবহার করা হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ব্যবহারকারীর জমাকৃত জামানত বাজেয়াপ্ত করতে পারবেন।

(৮) বর্ণিত যানবাহন/ ভারি যান-যন্ত্রপাতির রানিং ত্রুটির মেরামত কাজ ভাড়া গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে সম্পন্ন করতে হবে এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গাড়ি/ ভারি যান-যন্ত্রপাতি কোন প্রকার বেআইনি কাজে ব্যবহার করা যাবে না।

(৯) ভাড়ায় প্রদান করার পর সাইটে/কার্যস্থলে কোন যানবাহন ও যন্ত্রপাতি খারাপ বা অচল/ব্যবহার অনুপযোগী হলে ২৪ ঘন্টার মধ্যে তা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে লিখিতভাবে অবহিত করতে হবে। DNCC এর কর্মকর্তার প্রতিবেদনের আলোকে গাড়ির ত্রুটির জন্য ঠিকাদার দায়ী হলে অচল সময়ের জন্য প্রতিদিনের নির্ধারিত ভাড়া ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে প্রদান করতে হবে।

(১০) কোন যানবাহন, যন্ত্রপাতি ভাড়ায় গ্রহণ করার পর পথিমধ্যে অথবা কর্মস্থলে দূর্ঘটনায় পতিত হলে তা ভাড়া গ্রহণকারী কর্তৃক উদ্ধার সরঞ্জাম দ্বারা নিজ খরচে উদ্ধার করতে হবে।

(১১) যানবাহন ও যন্ত্রপাতি ভাড়া গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যানবাহনের চালক ও চালক সহকারীরকে প্রয়োজন হলে কর্মস্থলে থাকার ব্যবস্থা করতে হবে।

(১২) যানবাহন ও যন্ত্রপাতি ভাড়ায় গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যানবাহন /যন্ত্রপাতি ব্যবহারের পর নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিভাগে পৌছানোর ব্যবস্থা করতে হবে।

(১৩) ঠিকাদারের কাজের প্রস্তুতি কিংবা যোগান না থাকার কারণে ঠিকাদার কর্তৃক ভাড়ায় নেয়া যানবাহন ব্যবহার করা না হলেও তার জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে প্রত্যেক দিনের জন্য নির্ধারিত ভাড়া প্রদান করতে হবে।

(১৪) কোন যানবাহন ও যন্ত্রপাতির ধারণ ও বহন ক্ষমতার অধিক লোড নিয়ে ব্যবহার করা যাবে না। এই ধরণের কোন প্রমাণ পাওয়া গেলে ঐ ব্যক্তি/প্রতিষ্ঠানের জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।

(১৫) কোন যানবাহন ও যন্ত্রপাতি ভাড়া গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান ভাড়ায় গ্রহণ করার পর অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট সাবলেট দিতে পারবেন না। এই ধরণের কোন প্রমাণ পাওয়া গেলে ঐ ব্যক্তি/প্রতিষ্ঠানের জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত সহ ব্যবহারকারী, চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৬) অনুমোদিত সময়ের অতিরিক্ত দিন ব্যবহারের প্রয়োজন হলে ব্যবহারকারীকে অনুমোদিত দিন শেষ হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে লিখিতভাবে জানাতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বর্ধিত সময়ের অনুমোদন করা হলে বর্ধিত দিনসমূহের জন্য নির্ধারিত হারে ভাড়া, ভ্যাট ও উৎস কর জমা প্রদান সাপেক্ষে গাড়ি/ ভারি যান-যন্ত্রপাতি ভাড়ায় ব্যবহার করতে পারবেন।

(১৭) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীগণ ও সম্মানিত কাউন্সিলরবৃন্দ ধার্যকৃত ভাড়ার ৬০% অর্থ অগ্রিম প্রদান করে (ঐ সময় যান-যন্ত্রপাতির পর্যাপ্ততা থাকলে) রিকুইজিশন এর মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যানবাহন ব্যবহার করতে পারবেন।

(১৮) কার্যস্থলে যানবাহন/যন্ত্রপাতির নিরাপত্তা ব্যবস্থা ব্যবহারকারীর নিজ দায়িত্বে সম্পন্ন করা হবে। কার্যস্থলে কোন যন্ত্রাংশ চুরি হলে ব্যবহারকারীকে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে।

(১৯) যানবাহন ও যন্ত্রপাতি ব্যবহারের গেইট পাশ, প্রবেশ-নির্গমণ ইত্যাদি রেজিস্টারে যথারীতি লিপিবদ্ধ করতে হবে।

(২০) DNCC এবং DSCC অধিক্ষেত্র এলাকার বাইরে ব্যবহারের ক্ষেত্রে গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।

(২১) কোন যানবাহন ও যন্ত্রপাতি ভাড়ায় প্রদান করার পর কর্পোরেশনের জরুরী প্রয়োজন হলে উক্ত গাড়ি/ যান-যন্ত্রপাতি ভাড়া গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান হতে নির্দিষ্ট সময়ের পূর্বেই সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর লিখিত নির্দেশের প্রেক্ষিতে তা ফেরত প্রদান করতে হবে।

০৩.০ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইতোপূর্বে অবিভক্ত সিটি কর্পোরেশনের গত ৩০/১২/২০১০ তারিখে ৪৬.২০৭.০১৮.০৩.০৪.০০৮.২০১০-৬০২ সংখ্যক স্মারকে হায়ার চার্জ সংক্রান্ত জারীকৃত আদেশ বাতিল পূর্বক অত্র আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-
১৫/০২/২০১৮ খ্রিঃ
(দুলাল কৃষ্ণ সাহা)
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
ফ্যাক্স-৮৮৩৪৯৮৩
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.৪৬.১৮৮.১৭. ১৬৩১ তারিখ- ১৫/০২/২০১৮ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। বিভাগীয় প্রধান (সকল) ..................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পুর/বিদ্যুৎ/যান্ত্রিক/বর্জ্য/টিইসি/পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা/প্রকল্প পরিচালক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৬। মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। নির্বাহী প্রকৌশলী, পুর/বিদ্যুৎ/যান্ত্রিক/বর্জ্য/টিইসি/পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা/অঞ্চল-১, ২, ৩, ৪ ও ৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৮। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

১০। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

১১। অফিস কপি।

১৫/০২/২০১৮
মোঃ রাকিবুল হাসান (মিরাজ)
সহকারী সচিব
সাধারণ প্রশাসন শাখা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।